

## ■ দর্শনের সঙ্গে শিক্ষার সম্পর্ক

দর্শন ও শিক্ষা একে অপরের সঙ্গে ঘনিষ্ঠভাবে সম্পর্কযুক্ত। দর্শন ও শিক্ষার সম্পর্কের দুটি দিক হল—  
(A) দর্শনের সঙ্গে শিক্ষার সম্পর্কের তাত্ত্বিক দিক; (B) দর্শনের সঙ্গে শিক্ষার সম্পর্কের ব্যবহারিক দিক।

### A. দর্শনের সঙ্গে শিক্ষার সম্পর্কের তাত্ত্বিক দিক

দর্শনের সঙ্গে শিক্ষার সম্পর্কের তাত্ত্বিক দিকগুলি নীচে আলোচনা করা হল—

- (1) দর্শন শিক্ষা নির্দেশনার নির্ধারক ঃ শিক্ষা হল একটি সচেতন গতিশীল এবং উদ্দেশ্যমুখী প্রক্রিয়া। মানব জীবনের একটি অংশ হল শিক্ষা। এর জন্য প্রয়োজন সঠিক নির্দেশনা ও তত্ত্বাবধান। দর্শন জীবনের লক্ষ্য নির্ধারণ করে দেয়। তাই জীবনের লক্ষ্যপূরণের জন্য শিক্ষায় সঠিক নির্দেশনা ও তত্ত্বাবধান প্রয়োজন। দর্শন শিক্ষাকে সঠিক নির্দেশনা দিয়ে জীবনের লক্ষ্যপূরণে সাহায্য করে।
- (2) দর্শনের প্রয়োগক্ষেত্র শিক্ষা ঃ দর্শনের কার্যাবলি হল শিক্ষার লক্ষ্য ও কার্য নির্ধারণে সাহায্য করা। শিক্ষা হল দর্শনের ব্যবহারিক দিক। যা শিক্ষার সকল সমস্যার সমাধান করে, তাকে গতিশীল করে তোলে। তাই শিক্ষাবিদ **Adams** বলেছেন, "Education is the dynamic side of Philosophy" অর্থাৎ, শিক্ষা হল দর্শনের গতিশীল দিক।
- (3) মহান দার্শনিকরাই মহান শিক্ষাবিদ ঃ শিক্ষাতত্ত্বের ইতিহাস থেকে বলা যায় প্রায় সকল মহান দার্শনিকই মহান শিক্ষাবিদ। সক্রেটিস, প্লেটো, রুশো, ফ্রয়েবেল, জন ডিউই, কমেনিয়াস, মহাত্মা গান্ধি, জাকির হোসেন, বিবেকানন্দ, অরবিন্দ, রবীন্দ্রনাথ, রাধাকৃষ্ণাণ প্রমুখ দার্শনিকগণ সকলেই শিক্ষাবিদ। তাঁদের দার্শনিক চিন্তাধারা শিক্ষাকে বিশেষভাবে প্রভাবিত করেছে। **J.S. Ross** বলেছেন, "The great Philosophers have also been the great educators"।

(4) দর্শন শিক্ষার ভবিষ্যৎ নির্ধারক : শিক্ষার সকল সমস্যাই দর্শনের সমস্যা। **Gentile** বলেছেন, "Education without Philosophy would mean a failure to understand the precise nature of education"। দর্শন, শিক্ষার লক্ষ্য এবং জীবনের লক্ষ্য নির্ধারণ করে। তাই ব্যক্তির চাহিদা এবং সমাজের চাহিদাকে কেন্দ্র করে পাঠক্রম রচিত হয়ে থাকে। শিক্ষার সম্পর্কিত শিক্ষণ পদ্ধতি, শিক্ষকের ভূমিকা, পাঠ্যপুস্তক রচনা, শৃঙ্খলা, বিদ্যালয় প্রশাসন, মূল্যায়ন ইত্যাদিকে দর্শন প্রভাবিত করে।

(5) নৈতিক মূল্যবোধ সৃষ্টিতে দর্শন ও শিক্ষা : শিক্ষার প্রধানতম লক্ষ্য হল নৈতিক মূল্যবোধ গড়ে তোলা। সমাজ পরিবর্তনশীল হওয়ায় ক্রমাগত মূল্যবোধের পরিবর্তন ঘটছে। পুরাতন মূল্যবোধের সঙ্গে নতুন মূল্যবোধ সমন্বয়সাধনের মাধ্যমে সমাজের উপযোগী নতুন ও কার্যকরী মূল্যবোধের উদ্ভব ঘটে। এই মূল্যবোধ সৃষ্টিতে শিক্ষাকে দর্শন সাহায্য করে।

## B. দর্শন ও শিক্ষার ব্যবহারিক সম্পর্কের দিক

দর্শন ও শিক্ষার ব্যবহারিক সম্পর্কের দিকগুলি হল—

- (1) শিক্ষার লক্ষ্য নির্ধারণ : শিক্ষার লক্ষ্য নির্ধারণে দর্শন বিশেষভাবে সাহায্য করে। শিক্ষার লক্ষ্য জীবনের লক্ষ্যের সঙ্গে সম্পর্কযুক্ত। পরিবর্তনশীল পরিবেশের সঙ্গে ব্যক্তির জীবনদর্শনও পরিবর্তিত হয়ে থাকে। শিক্ষাবিদ **Ross** এর মতে, "The educational aims and methods are corollaries of philosophical doctrines"। শিক্ষার লক্ষ্য শিক্ষার্থীর জীবনে কীভাবে প্রয়োগ ঘটবে তার উপায়ও দর্শন নির্ধারণ করে দেয়।
- (2) পাঠক্রম রচনা : শিক্ষার লক্ষ্য নির্ধারণের পাশাপাশি শিক্ষার পাঠক্রম রচনায় দর্শন সাহায্য করে। পাঠক্রম হল শিক্ষার লক্ষ্যে পৌঁছানোর পথ। শিক্ষার পাঠক্রমে কোন্ কোন্ বিষয় অন্তর্ভুক্ত হবে এবং সহ-পাঠক্রমিক কার্যাবলির বিষয়গুলি কী হবে তাও দর্শন নির্ধারণ বা ঠিক করে দেয়।
- (3) শিক্ষণ পদ্ধতি নির্ধারণ : শিক্ষককে ফলপ্রসূ করে তুলতে সাহায্য করে শিক্ষণ পদ্ধতি। শিক্ষণ পদ্ধতির সঠিকভাবে ধারণা দিয়েছে দর্শন। বিভিন্ন দার্শনিক বিভিন্ন ধরনের শিক্ষণের কথা বলেছেন। ভাববাদী দর্শনে শিক্ষণ পদ্ধতি হিসেবে প্রশ্ন-উত্তর পদ্ধতি, আলোচনা পদ্ধতি, বিতর্ক পদ্ধতি ইত্যাদির কথা বলা হয়েছে; প্রকৃতিবাদী দর্শনে আত্মশিখন পদ্ধতি, প্রত্যক্ষ অভিজ্ঞতাভিত্তিক পদ্ধতি, আবিষ্কারক পদ্ধতি, খেলাভিত্তিক পদ্ধতি ইত্যাদি; প্রয়োগবাদী দর্শনে সমস্যা সমাধান পদ্ধতি, প্রকল্প পদ্ধতি, পরীক্ষা পদ্ধতি ইত্যাদির উপর গুরুত্ব দেওয়া হয়েছে। দার্শনিক চিন্তাধারার পরিবর্তনের সঙ্গে সঙ্গে শিক্ষণ পদ্ধতিরও পরিবর্তন ঘটে থাকে।
- (4) পাঠ্যপুস্তক রচনা : পাঠ্যপুস্তক রচনায় দর্শন সাহায্য করে। পাঠ্যপুস্তক রচনার উদ্দেশ্য ও নীতি নির্ধারণের উপর তার গুণগতমান নির্ধারিত হয়ে থাকে। পাঠ্যপুস্তকে প্রয়োজনীয় ছবি, উদাহরণ, পুস্তকের ভাষার প্রকাশভঙ্গি কেমন হবে তা সবই দর্শন দ্বারা নির্ধারিত হয়ে থাকে।
- (5) শৃঙ্খলার প্রকৃতি নির্ধারণ : শিক্ষাপ্রতিষ্ঠানে শৃঙ্খলার প্রকৃত ধরন কেমন হবে তা নির্ধারণ করতে সহায়তা করে দর্শন। শৃঙ্খলা জীবন দর্শনকে প্রভাবিত করে। বিভিন্ন দর্শন সম্প্রদায় বিভিন্ন ধরনের শৃঙ্খলার কথা বলেছেন।
- (6) শিক্ষার্থী : শিক্ষাপ্রক্রিয়ায় শিক্ষার্থীর স্থান দর্শন দ্বারা নির্ধারিত হয়ে থাকে। ভাববাদী দার্শনিকদের মতে, শিক্ষা জগতে শিক্ষার্থীর স্থান হল দ্বিতীয় বা গৌণ। প্রকৃতিবাদী দার্শনিকদের মতে, শিক্ষাজগতে শিক্ষার্থীর স্থান হল প্রথম অর্থাৎ শিক্ষার কেন্দ্রবিন্দুতে। জন লক (John Locke)-এর মতে, "The mind of a child is a clear state on which many impacts can be made"। আধুনিক দার্শনিকগণ শিক্ষার্থীদের স্বাধীনভাবে বিকাশের সুযোগদানের কথা বলেছেন।
- (7) শিক্ষক : প্রত্যেক শিক্ষক একজন দার্শনিক। শিক্ষক এবং শিক্ষার্থীর মধ্যে পারস্পরিক ক্রিয়ার মাধ্যমে শিক্ষা সংগঠিত হয়ে থাকে। দর্শন শিক্ষার গুণাবলি ও দায়িত্ব নির্ধারণ করতে সাহায্য করে। শিক্ষকের